**This publication was withdrawn on 5 April 2022**

This page has been withdrawn because it’s no longer current. Read more about infection prevention and control in adult social care: COVID-19 supplement.

Department of Health & Social Care

CARE

# কোভিড-19: অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্ক: আপনার কর্মীবৃন্দের ঝুঁকির মূল্যায়ন ও তা হ্রাস করা

নভেম্বর 2020 এ আপডেট করা হয়েছে

# 1. সূচনা

1.1 আমাদের কমিউনিটিতে স্বাস্থ্য সেবা ও পরিচর্যার চাহিদাগুলো মেটাতে সহায়তা প্রদানে সোশ্যাল কেয়ার সেক্টরের কর্মীদের ভূমিকা গুরুত্বপূর্ণ, এবং উল্লেখযোগ্য ও চলমান চ্যালেঞ্জের প্রেক্ষাপটে তারা যেসব কাজ করে যাচ্ছেন আমরা সেজন্য তাদের কাছে অত্যন্ত কৃতজ্ঞ।

1.2 সোশ্যাল কেয়ার প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের কর্মী, এবং সোশ্যাল কেয়ার পরিষেবা ব্যবহারকারী ব্যক্তিদের, নিরাপদ ও সুস্থ রাখা জরুরী।

1.3 একজন অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার নিয়োগকর্তা হিসাবে, আপনার কর্মী ও পরিষেবা গ্রহণকারী ব্যক্তিদের স্বাস্থ্য, নিরাপত্তা ও ভালো থাকা দেখার বিষয়টি যতদূর সম্ভব নিশ্চিত করার দায়িত্ব আপনার উপর রয়েছে।

1.4 বৈশিষ্ট্য বা দুর্বলতা নির্বিশেষে আপনার তত্ত্বাবধানে থাকা প্রত্যেকটি ব্যক্তির ঝুঁকি মূল্যায়ন ও হ্রাস করার জন্য আপনার কাছে একটি পদ্ধতি থাকা উচিত। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকা উচিত:

- আপনার পরিষেবা ব্যবহার করা ব্যক্তিদের ঝুঁকি, তাদের এমন কোনো স্বতন্ত্র বৈশিষ্ট্যকে বিবেচনায় নেওয়া যা থাকার কারণে তারা বর্ধিত ঝুঁকির মুখোমুখি হতে পারেন।

- আপনার কর্মস্থলের ঝুঁকি, যার মধ্যে কর্মস্থলে আসা যাওয়া এবং এক কর্মস্থল থেকে অন্য আরেকটি কর্মস্থলে যাতায়াতের ঝুঁকি অন্তর্ভুক্ত থাকা উচিত।

- স্বেচ্ছাসেবকসহ, আপনার কর্মীদের জন্য ঝুঁকি, তাদের এমন কোনো স্বতন্ত্র বৈশিষ্ট্যকে বিবেচনায় নেওয়া যা থাকার কারণে তারা বর্ধিত ঝুঁকির মুখোমুখি হতে পারেন।

1.5 পাবলিক হেলথ ইংল্যান্ড সংক্রামক রোগের ঝুঁকি হ্রাস করতে পদক্ষেপের বাস্তবায়ন এর উপর নির্দেশনা জারি করেছে, যা নিয়মিত আপডেট করা হয়। নিয়োগকর্তারা সবসময় পিএইচই (PHE) এর সর্বশেষ সুপারিশগুলো মেনে চলা নিশ্চিত করবেন।

1.6 কর্মস্থলে সকল কর্মীদের ঝুঁকি কমানোর পাশাপাশি, নির্দিষ্ট বৈশিষ্ট্য / শারীরিক সমস্যা এবং/অথবা গর্ভবতী থাকার দরুন উচ্চ ঝুঁকিতে থাকা কর্মীদের ঝুঁকি কমিয়ে আনতে বাড়তি কিছু পদক্ষেপ নেওয়ার বিষয়টি বিবেচনায় নিতে হবে। এটি আপনার স্থায়ী কর্মী, অ্যাজেন্সি, লোকুম ও ব্যাংক কর্মী এবং বিনা পারিশ্রমিকে কাজ করা স্বেচ্ছাসেবকগণসহ প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ পরিচর্যা ও সহায়তা প্রদানকারী সব কর্মীকেই অন্তর্ভুক্ত করে। যারা সর্বোচ্চ চিকিৎসাগত ঝুঁকিতে রয়েছেন তাদেরকে চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল হিসেবে গণ্য করা হয় এমন সকল লোকদের জন্য বর্তমান পরামর্শ মেনে চলা চালিয়ে যেতে সহায়তা করা উচিত। যেসব কর্মীরা নির্দিষ্ট কোনো সমস্যা থাকার কারণে সংক্রমিত হবার সম্ভাব্য উচ্চ ঝুঁকিতে আছেন বা কোভিড-19 এ আক্রান্ত হলে ভয়ানক ক্ষতির মুখোমুখি হতে পারেন সেসব কর্মীদের কর্মস্থলের ঝুঁকির ব্যাপারে সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে নিয়োগকর্তারা কিভাবে কর্মীদেরকে সহায়তা প্রদান করবেন সুনির্দিষ্টভাবে এই বিষয়টিই এএসসি (ASC) রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্কটিতে তুলে ধরা হয়েছে।

## তথ্য প্রমাণ

1.7 চিকিৎসা সংক্রান্ত তথ্য প্রমাণ ইঙ্গিত দেয় যে কিছু মানুষের হয়ত এমন কিছু সমস্যা রয়েছে যেটি তাদের সংক্রমণের ঝুঁকিকে বা তাদের কোভিড-19 এর কারণে মারাত্মক ক্ষতি হওয়াকে বাড়িয়ে দেয়। নতুন তথ্য প্রমাণ আসার সাথে সাথে এই নির্দেশনাটি হালনাগাদ করা হবে এবং সর্বশেষ নির্দেশনাটি ব্যবহার করা আপনি নিশ্চিত করবেন।

## এএসসি রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্ক

1.8 এএসসি রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্কটি নিয়োগকর্তাদের অনুরোধে এবং সংক্রমণে আক্রান্ত হবার সম্ভাব্য অধিক ঝুঁকি বা কোভিড-19 আক্রান্ত হলে মারাত্মক ক্ষতির মুখোমুখি হতে পারেন এমন সব কর্মীদের হয়ত পর্যাপ্ত সহায়তা প্রদান করা না হতে পারে, সেই উদ্বেগের প্রেক্ষিতে তৈরি করা হয়েছে। তবে, আমরা জানি যে কিছু কিছু নিয়োগকর্তা ইতিমধ্যে একটি শক্তিশালী প্রক্রিয়া বাস্তবায়িত করে ফেলেছেন।

1.9 নিয়োগকারীদের নিশ্চিত করা উচিত যে তারা ঝুঁকি নিরীক্ষণ এবং ব্যবস্থাপনার জন্য কর্মক্ষেত্রের পদ্ধতি গ্রহণ করছেন। যেসব কর্মীরা নির্দিষ্ট কোনো সমস্যা থাকার কারণে সংক্রমিত হবার সম্ভাব্য উচ্চ ঝুঁকিতে আছেন বা কোভিড-19 এ আক্রান্ত হলে ভয়ানক ক্ষতির মুখোমুখি হতে পারেন সেসব কর্মীদের কর্মস্থলের ঝুঁকির ব্যাপারে সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে নিয়োগকর্তারা কিভাবে কর্মীদেরকে সহায়তা প্রদান করবেন সুনির্দিষ্টভাবে এই বিষয়টিই এএসসি (ASC) রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্কটিতে তুলে ধরা হয়েছে।

1.10 এটি নিয়োগকর্তাদেরকে ‘নিশ্চিত’ ফলাফলের দিকে নিয়ে যায় না, তবে যে সব ক্ষেত্রে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এটি করা হয়েছে:

- সংক্রমণে আক্রান্ত হবার অধিকতর ঝুঁকিতে থাকা বা ফলস্বরূপ গুরুতর স্বাস্থ্য সম্পর্কিত সমস্যায় ভুগছেন এমন কর্মীদেরকে শনাক্ত করার প্রক্রিয়াটির ব্যবস্থাপনা।
- কর্মীদের উদ্বেগগুলোকে স্বীকৃতি দিতে, উপলব্ধ পছন্দগুলো নিয়ে আলোচনা করা এবং পরবর্তী যে কোনো পদক্ষেপে সম্মত হতে প্রত্যেক কর্মীর সাথে আলাদা আলাদাভাবে সংবেদনশীল হয়ে কথাবার্তা বলা।
- কর্মীদের পদ এবং কর্মস্থলের পরিবেশের পরিপ্রেক্ষিতে ঝুঁকি হ্রাস করার উপায়গুলো শনাক্ত এবং বাস্তবায়ন করা।

1.11 যেগুলোর পাশাপাশি এটি ব্যবহার করা উচিত:

- কোভিড-19 ইনফেকশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল এর উপর পাবলিক হেলথ ইংল্যান্ড এর নির্দেশনা – যা সবসময় অবশ্যই মেনে চলা উচিত।
- আপনার বর্তমানের কর্মীদের ও কর্মস্থলের ঝুঁকি মূল্যায়ন এবং ব্যবস্থাপনা প্রক্রিয়া।
- চিকিৎসাগতভাবে অত্যন্ত দুর্বল এবং ফার্লো-তে আছেন এমন সকল ব্যক্তিদের বিষয়ে সরকারী পরামর্শ।
- কেয়ার সেটিং সম্পর্কিত অন্যান্য নির্দেশিকাসহ, অন্যান্য জাতীয় বা স্থানীয় সরকারের পরামর্শ।

1.12 অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার কর্মীবৃন্দের ভালো থাকা সংক্রান্ত সহায়তার উপর তথ্য ও পরামর্শ এই ডকুমেন্টের শেষে দেওয়া আছে। আমরা স্বীকার করি যে এসব পদক্ষেপ গ্রহণ করা হলে সোশ্যাল কেয়ার কর্মীদের উপর বাড়তি চাপ সৃষ্টি হতে

পারে, এবং কর্মীবৃন্দের ঝুঁকি কমিয়ে আনতে নিয়োগকর্তাদের জন্য হয়ত সহায়ক হতে পারে এমন সব তথ্য ও পরামর্শ নিচে তুলে ধরা হল।

আরও তথ্যের জন্য দেখুন:

## সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ

### নির্দেশনা

- পিএইচই (PHE): কোভিড-19: সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত নির্দেশনা
- হাসপাতালে অবস্থানরত রোগী বা যাদেরকে বাসায় বা রেসিডেনশিয়াল কেয়ারে ডিসচার্জ করা হচ্ছে তাদের ব্যাপারে সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সংক্রান্ত নির্দেশনা (আইপিসি (IPC)) সতর্কতাসমূহ
- কোভিড-19: স্বাস্থ্য এবং সোশ্যাল কেয়ার পরিবেশে ঝুঁকির মুখোমুখি রয়েছেন এমন সকল কর্মী এবং রোগীদের ব্যবস্থাপনা
- ডিএইচএসসি (DHSC): কেয়ার হোম সাপোর্ট প্যাকেজ এবং কর্মীদের চলাফেরা সীমিত করা সংক্রান্ত তথ্যসহ অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার ইনফেকশন কন্ট্রোল ফান্ড
- এসসিআইই (SCIE): সোশ্যাল কেয়ারের জন্য সংক্রমণ নিয়ন্ত্রণের উপর করোনাভাইরাস (কোভিড-19) সম্পর্কিত পরামর্শ
- বিইআইএস (BEIS): করোনাভাইরাসের সময় নিরাপদভাবে কাজ করা
- কেয়ার হোমের ইনফেকশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল এর উপর সিকিউসি (CQC) নির্দেশনা

## ই-লার্নিং

- হেলথকেয়ার অন ইনফেকশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল এর জন্য হেলথ এডুকেশন ইংল্যান্ড এর ই-লার্নিং
- এবং/ অথবা কেয়ার ওয়েবসাইট / অ্যাপ-এর এখানে দুটি ওয়েবিনার রয়েছে যা সুনির্দিষ্টভাবে কেয়ার হোমস এবং ডমিসিলিয়ারি কেয়ারকে লক্ষ্য করে

## কর্মী এবং পরিচর্যা ও সহায়তাপ্রাপ্ত ব্যক্তিদের পরীক্ষা করা

- কারা পরীক্ষার জন্য যোগ্য এবং কিভাবে টেস্ট করাতে হবে এসব তথ্যসহ করোনাভাইরাসের টেস্টিং এর ব্যাপারে নির্দেশনা
- কেয়ার হোমের কর্মী এবং বাসিন্দাদের জন্য পরীক্ষা করার সুবিধা অ্যাক্সেস করা; উপসর্গ নির্বিশেষে, পরীক্ষা করতে অ্যাক্সেসের জন্য এটি কেয়ার হোম কর্মী ও বাসিন্দাদের জন্য প্রস্তুত সুনির্দিষ্ট একটি পোর্টাল

- টেস্ট অ্যান্ড ট্রেসের ব্যাপারে নিয়োগকর্তাদের জন্য নির্দেশনা - https://www.gov.uk/guidance/nhs-test-and-trace-workplace-guidance
- টেস্ট অ্যান্ড ট্রেস: কর্মীদের আইসোলেশনের (অন্তর্বর্তীকালীন) ব্যাপারে সোশ্যাল কেয়ার নিয়োগকর্তাদের জন্য একটি নির্দেশিকা

# পিপিই (PPE)

## পিপিই-এর ব্যবহার

- পিএইচই নির্দেশনা- কোভিড-19 পার্সোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট পিপিই
- পিএইচই নির্দেশনা- কোভিড-19: কেয়ার হোমে কিভাবে নিরাপদে কাজ করতে হয়; এর মধ্যে রয়েছে পিপিই সামগ্রী নিরাপদে পরা ও খোলার ব্যাপারে নির্দেশনা
- পিএইচই (PHE): কোভিড-19: ইংল্যান্ডের ডমিসিলারি কেয়ারে কিভাবে নিরাপদে কাজ করতে হয়; এর মধ্যে রয়েছে পিপিই সামগ্রী নিরাপদে পরা ও খোলার ব্যাপারে নির্দেশনা
- পিএইচই কোভিড-19: পিপিই পরা ও খোলা – কেয়ার হোমের জন্য একটি নির্দেশিকা (ভিডিও)

# পিপিই পাওয়া

- পিপিই পাওয়ার ব্যাপারে তথ্য এখানে পাওয়া যাবে: https://www.gov.uk/government/publications/coronavirus-covid-19-support-for-care-homes/coronavirus-covid-19-care-home-support-package

# শিল্ডিং

- পিএইচই কোভিড-19: স্বাস্থ্যগত কারণে যাদেরকে অত্যন্ত দুর্বল বলে গণ্য করা হয় তাদের জন্য শিল্ডিং ও সুরক্ষার ব্যাপারে নির্দেশনা

# কেয়ার হোমের ইনফেকশন প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল এর উপর সিকিউসি (CQC) নির্দেশনা ফার্লো

- করোনাভাইরাস জব রিটেনশন স্কিম-এর মাধ্যমে আপনি আপনার কর্মীদের জন্য বেতন দাবী করতে পারেন কিনা সেটি যাচাই করে দেখুন
- অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার: সেক্টরের কাছ থেকে করোনাভাইরাস জব রিটেনশন স্কীম সংক্রান্ত নির্দেশনাটির ব্যাখ্যা আমরা কীভাবে আশা করি

**এইচএসই (HSE) এর কাছ থেকে নির্দেশনা**

- ঝুঁকিতে থাকা কর্মীদের ব্যাপারে এইচএসই নির্দেশনা; এর মধ্যে রয়েছে নতুন ও গর্ভবতী মায়েরা, ডিজেবিলিটি, এবং বয়স সম্পর্কিত নির্দেশনা।
- কোভিড-19 এর ব্যাপারে এইচএসই কর্তৃক তথ্য ও পরামর্শ
- এইচএসই: কোভিড-19 এর ব্যাপারে আরআইডিডিওআর (RIDDOR) রিপোর্টিং

## কোভিড-19: অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্ক: আপনার কর্মীবৃন্দের ঝুঁকির মূল্যায়ন ও তা হ্রাস করা

### ব্যক্তি বিশেষের ঝুঁকি মূল্যায়ন

কোনো ব্যক্তির সুনির্দিষ্ট কিছু সমস্যা থাকার কারণে তিনি মারাত্মক রোগে ভোগার অধিকতর ঝুঁকিতে থাকেন বা কোভিড-19 এর কারণে মারা যাবার ঝুঁকিতে থাকেন। নিয়োগকর্তাদের তাদের সকল কর্মী যারা বর্ধিত ঝুঁকির মধ্যে রয়েছেন বলে শনাক্ত করা হয়েছে তাদের সাথে আলাদাভাবে কথাবার্তা বলা উচিত। যারা উচ্চতর স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছেন তাদেরকে সাম্প্রতিক পরামর্শ মেনে চলা অব্যাহত রাখতে সহায়তা প্রদান করতে হবে।

কর্মীদের কর্মক্ষেত্রের ঝুঁকি কমিয়ে আনতে ঝুঁকির মূল্যায়ন সম্পন্ন করা ও পদক্ষেপ নেওয়া নিশ্চিত করার জন্য নিয়োগকর্তারা দায়ী থাকবেন।

স্থায়ী কর্মী, অ্যাজেন্সি, লোকুম ও ব্যাংক কর্মী এবং বিনা পারিশ্রমিকে কাজ করা স্বেচ্ছাসেবকগণসহ, প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ পরিচর্যা ও সহায়তা প্রদানকারী সব কর্মীই আলাদা আলাদাভাবে কথা বলার মধ্যে অন্তর্ভুক্ত হবেন। কর্মীদের ঝুঁকি শনাক্তকরণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজের দায়িত্ব নিয়োগকর্তারা হয়ত অন্য আরেকজন উপযুক্ত ব্যক্তির উপর ন্যস্ত করতে পারেন যেমন লাইন ম্যানেজার, সুপারভাইজার, মনোনীত ঊর্ধ্বতন কর্মকর্তা বা স্বাস্থ্য সুরক্ষার দায়িত্বে থাকা প্রতিনিধি।

যদিও ফ্রেমওয়ার্কটির মূল লক্ষ্য হল যেসব কর্মী সম্ভাব্য ঝুঁকিতে আছেন তাদের ঝুঁকি কমিয়ে আনা, এই সতর্কতাও থাকা উচিত যে যেসব কর্মী বর্ধিত ঝুঁকিতে নেই কিন্তু তাদের অন্যান্য স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা বা উদ্বেগ রয়েছে তাদের ঝুঁকিগুলো নিয়ে কাজ করার ব্যাপারটিও আমলে নিতে হবে।

একজন কর্মী ঝুঁকিতে আছেন এটি শনাক্ত হবার পরেও, তিনি যদি কোভিড-19 আক্রান্ত রোগীদের সর্বোচ্চ ঘনত্ব বিশিষ্ট এলাকায় কাজ করেন, সেক্ষেত্রে তিনিও উচ্চ মাত্রার ঝুঁকিতে থাকবেন এমনটি ধরে নেওয়া উচিত হবে না। ঝুঁকির মুখোমুখি হওয়া কতটুকু নিয়ন্ত্রণে রয়েছে তার উপর বিষয়টি নির্ভর করবে।

একজন কর্মীকে যদি শনাক্ত করা হয় যে তিনি বর্ধিত ঝুঁকিতে রয়েছেন তাহলে তার ঝুঁকিটি কিভাবে কমিয়ে আনা যায় সেটি নির্ণয় করতে কর্মীটির সাথে সরাসরি আলাদাভাবে কথা বলতে হবে। কর্মীর মানসিক কল্যাণের কথাটি মাথায় রেখে এটি সংবেদনশীলতার সাথে করতে হবে।

কোনটি বাস্তবসম্মত ও বাঞ্ছনীয় সেটি কর্মস্থল ও নির্দিষ্ট কর্মীর উপর নির্ভর করবে কিন্তু তাতে আরও অন্তর্ভুক্ত থাকতে পারে;

- ঝুঁকি কম থাকা অন্য আরেকটি জায়গায় নিয়োগ দেওয়া, উদাহরণস্বরূপ, মনে করা হচ্ছে কোভিড-19 এ আক্রান্ত হননি এমন কর্মীদের সহায়তা প্রদান করা, বা সম্ভব হলে দূরবর্তী অবস্থান থেকে কাজ করা।
- কাজের ব্যবস্থাতে সমন্বয় করা - উদাহরণস্বরূপ গণপরিবহন ব্যবহারের বিষয়টি ভেবে দেখা
- কর্মস্থল ও কর্মীদের ঝুঁকি কমিয়ে আনতে কর্মীরা যাতে পিএইচই ও ডিএইচএস (DHSC) নির্দেশনা মেনে চলতে পারেন সে ব্যাপারে তাদেরকে সহায়তা প্রদান করা নিশ্চিত করা।
- আরও পরামর্শ ও সহায়তা প্রদান করা, উদাহরণস্বরূপ, যেখানে উপলব্ধ রয়েছে সেখানে অকুপেশনাল হেলথ পরিষেবার মাধ্যমে

**এটি জেনে রাখা জরুরী যে নিম্নোক্ত ঘরগুলোতে প্রদত্ত জাতিসত্তা ও লিঙ্গ সংক্রান্ত সর্বশেষ তথ্য প্রমাণে লোকজনের পেশা, একাধিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা বা মেদ ভুঁড়ি থাকার প্রভাবের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি, যেটি হয়ত কোভিড-19 আক্রান্ত হওয়ার ঝুঁকি এবং/অথবা মৃত্যু ঝুঁকির সাথে সম্পর্কিত থাকতে পারে। এসব তথ্য প্রমাণ আমাদেরকে কোনো কোনো গ্রুপের ঝুঁকিতে থাকার ব্যাপারে আরও বেশী সচেতন করে কিন্তু এটিও বুঝি যে বয়স, লিঙ্গ বা জাতিসত্তা ছাড়াও অন্যান্য বিষয়গুলোও সংক্রমণের ফলাফলের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হলেও হতে পারে।**

| **বয়স+** | **নৃতাত্ত্বিক পরিচয়*** | **লিঙ্গ*** | **অন্তর্নিহিত কিছু কিছু স্বাস্থ্য সমস্যার মধ্যে রয়েছে:+** | **গর্ভাবস্থা^** |
|---|---|---|---|---|
| ক্রমবর্ধমান বয়স একটি জ্ঞাত ঝুঁকির নিয়ামক।<br><br>যাদের বয়স 70 বা তার বেশী তারা বর্ধিত ঝুঁকিতে রয়েছেন।<br><br>অন্তর্নিহিত স্বাস্থ্য সমস্যা ও অন্যান্য ঝুঁকির সাথে এটিকে বিবেচনা করতে হবে। | সর্বশেষ তথ্য প্রমাণে জানা গেছে যে বিএএমই (BAME) পটভূমির লোকজন যারা কোভিড-19 এ আক্রান্ত হয়েছেন তাদের মৃত্যুর ঝুঁকি শ্বেতাঙ্গ জাতিসত্তার মানুষদের চেয়ে দুই গুন পর্যন্ত বেশী। তবে, এটি মনে রাখা জরুরী যে এই তথ্য উপাত্তটিতে লোকজনের পেশা, একাধিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা বা মেদ ভুঁড়ি থাকার প্রভাবের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি, যেটি হয়ত কোভিড-19 আক্রান্ত হওয়ার ঝুঁকি এবং/অথবা মৃত্যু ঝুঁকির সাথে সম্পর্কিত থাকতে পারে। | সর্বশেষ তথ্য প্রমাণে দেখা যায় যে কোভিড-19 আক্রান্ত হওয়া কর্মক্ষম বয়সী পুরুষ লোকদের মৃত্যু ঝুঁকি মহিলাদের তুলনায় দ্বিগুণ বেশী, তবে এটি মনে রাখা জরুরী যে এই তথ্য উপাত্তটিতে লোকজনের পেশা, স্বাস্থ্য সমস্যা বা মেদ ভুঁড়ি থাকার প্রভাবের বিষয়টি বিবেচনায় নেয়া হয়নি, যেটি হয়ত কোভিড-19 আক্রান্ত হওয়ার ঝুঁকি এবং/অথবা মৃত্যু ঝুঁকির সাথে সম্পর্কিত থাকতে পারে। | উচ্চতর ঝুঁকিপূর্ণ (চিকিৎসাগতভাবে মারাত্মকরকম দুর্বল) এবং মাঝারি ঝুঁকিপূর্ণ (চিকিৎসাগতভাবে দুর্বল) হিসাবে বিবেচিত ব্যক্তিদের পুরো তালিকার জন্য এনএইচএস এর 'করোনাভাইরাসের কারণে উচ্চ ঝুঁকিতে থাকা লোকজন' দেখুন। | সকল গর্ভবতী মহিলার কর্মস্থলের উপর একটি ঝুঁকির মূল্যায়ন করা উচিত।<br><br>ঝুঁকির মূল্যায়ন পরিচালনা করার সময়, নিয়োগকর্তাদের রয়্যাল কলেজ অফ অবসটেট্রিশিয়ানস অ্যান্ড গাইনোকোলজিস্টস (আরসিওজি) দ্বারা নির্ধারিত কোভিড-19 এবং গর্ভাবস্থার উপর সর্বশেষ নির্দেশিকাটির সাথে পরামর্শ করা উচিত। |

**উৎস:**

*https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/889195/disparities_review.pdf

+যেসব লোকজন কোভিড-19 আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছেন তাদের পূর্ণ তালিকা পাবেন এখানে: https://www.nhs.uk/conditions/coronavirus-covid-19/people-at-higher-risk/whos-at-higher-risk-from-coronavirus/ from-coronavirus/

^এফওএম (FOM), আরসিএম (RCM), আরসিওজি (RCOG) কোভিড-19 ভাইরাস সংক্রমণ ও গর্ভাবস্থা সংক্রান্ত পেশাগত স্বাস্থ্য/প্রেগন্যান্সি অকুপেশনাল হেলথ সংক্রান্ত পরামর্শ পাবেন এখানে: https://www.rcog.org.uk/en/guidelines-research-services/guidelines/coronavirus-pregnancy/covid-19-virus-infection-and-pregnancy/

# 2. ব্যক্তি বিশেষের ঝুঁকি মূল্যায়নের পদ্ধতি

2.1 সকল কর্মীদের জন্য সর্বোত্তম সুরক্ষা প্রয়োগ করা হয়েছে তা নিশ্চিত করার জন্য নিয়োগকর্তাদের পুরো কর্মস্থলের ঝুঁকির ব্যবস্থাপনা করা উচিত। যেসব কর্মীরা নির্দিষ্ট কোনো সমস্যা থাকার কারণে সংক্রমিত হবার সম্ভাব্য উচ্চ ঝুঁকিতে আছেন বা কোভিড-19 এ আক্রান্ত হলে ভয়ানক ক্ষতির মুখোমুখি হতে পারেন সেসব কর্মীর কর্মস্থলের ঝুঁকির ব্যাপারে সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে সহায়তা প্রদান করার বিষয়টি এএসসি (ASC) রিস্ক রিডাকশন ফ্রেমওয়ার্কটিতে তুলে ধরা হয়েছে। তবে, নিয়োগকর্তাদেরও সেইসব কর্মীদের যাদের পরিবারের সদস্যরা চিকিৎসাগতভাবে চরমভাবে দুর্বল, বা অন্যথায় যারা ঝুঁকি নিয়ে উদ্বিগ্ন, তাদের সাথে আলাপ করার প্রস্তাবনা দেওয়া উচিত।

2.2 ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়াটি দুইটি ধাপে হতে হবে; যেসব লোকজন সম্ভাব্য বর্ধিত ঝুঁকিতে আছেন তাদেরকে শনাক্ত করা এবং এর পরে এসব লোকজনের সাথে থাকা সংশ্লিষ্ট ঝুঁকিগুলোকে মূল্যায়ন করা এবং ঝুঁকি কমিয়ে আনতে কী কী ব্যবস্থা গ্রহণ করতে হবে সেগুলো নির্ণয় করা।

2.3 প্রতিটি কর্মীর জন্যই তাদের কী কী সম্ভাব্য ঝুঁকি আছে সেটি বোঝার জন্য একটি প্রাথমিক শনাক্তকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আপনার কর্মস্থল ও কাজের পরিবেশ অনুযায়ী সবচেয়ে যথোপযুক্তভাবে আপনাকে এই প্রাথমিক ধাপটি সম্পন্ন করতে হবে, যা হতে পারে:

- একজন কর্মী সম্ভাব্য ঝুঁকিতে আছেন কিনা সেটি শনাক্ত করতে এবং ঝুঁকির মোকাবেলা করার জন্য আরও কথাবার্তার প্রয়োজন রয়েছে কিনা সেই ব্যাপারে তাদের প্রত্যেকের সাথে কথাবার্তা বলা।

- প্রত্যেকটি কর্মী আলাদাভাবে ফর্ম পূরণ করা এবং জরিপ সম্পন্ন করার পর যারা সম্ভাব্য ঝুঁকিতে আছেন বলে নির্ণীত হবে শুধুমাত্র তাদের ঝুঁকি মূল্যায়ন সম্পন্ন করার জন্য তাদের সাথে কথাবার্তা বলা।

2.4 আপনার এটি নিশ্চিত করা জরুরী যে প্রাথমিক শনাক্তকরণ প্রক্রিয়ার সাথে কর্মীরা সম্পৃক্ত থাকবেন এবং ধারণা করা হবে না।

2.5 প্রাথমিক শনাক্তকরণ প্রক্রিয়াটি সম্পন্ন করার জন্য কর্মীদেরকে বলার সময়ে তাদেরকে জানাতে হবে যে কেন তাদের কাছে এসব তথ্য জানতে চাওয়া হচ্ছে, এগুলো দিয়ে কী করা হবে এবং পরবর্তী পদক্ষেপগুলো কী হবে। কর্মীদেরকে আশ্বস্ত করতে এবং প্রক্রিয়াটি সম্পন্ন করতে তাদেরকে ইচ্ছুক করে তোলার জন্য স্পষ্ট ও স্বচ্ছ থাকাটা জরুরী। যেসব কর্মী বর্ধিত ঝুঁকিতে রয়েছেন তাদেরকে শনাক্ত করার পাশাপাশি কোনো কর্মী যদি তার অন্তর্নিহিত অন্যান্য স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা বা সুনির্দিষ্ট কোনো উদ্বেগ বা দুশ্চিন্তা নিয়ে কথা বলতে চান তাহলে প্রাথমিক এই শনাক্তকরণ প্রক্রিয়ায় সে সুযোগটি থাকা উচিত।

2.6 স্বাস্থ্য সম্পর্কিত ব্যক্তিগত তথ্য জানতে চাওয়ার সময় সাবধানতা অবলম্বন করতে হবে এবং এসব তথ্য শুধুমাত্র কর্মীটিকে সহায়তা প্রদান করার জন্যই জানতে চাওয়া হবে। যে পর্যায়ের বিস্তারিত তথ্য প্রদান করা হবে সেটি প্রয়োজনের অতিরিক্ত হবে না ও যুক্তিসঙ্গত হতে হবে। ঝুঁকি মূল্যায়নের পদ্ধতির প্রেক্ষাপটে, এটি মনে করা যুক্তিসঙ্গত হবে যে যেসব বিষয়গুলো সম্পর্কে তথ্য জানতে চাওয়া হচ্ছে সেগুলো একজন ব্যক্তির সংক্রমণের ঝুঁকিকে বাড়িয়ে দেয় বা কোভিড-19 এর কারণে ভয়াবহ ক্ষতির ঝুঁকিতে থাকেন। তথ্য সংগ্রহের সময় আপনাকে এটি মাথায় রাখতে হবে এবং কর্মীদেরকে স্পষ্ট করে বলতে হবে আপনি কিভাবে এসব তথ্য রেকর্ড করবেন এবং শুধুমাত্র এসব উদ্দেশ্যেই তথ্য ব্যবহার করা হবে। আপনাকে অবশ্যই জেনারেল ডেটা প্রটেকশন রেগুলেশন (জিডিপিআর (GDPR)) এর বিষয়টি এবং তথ্য উপাত্ত সংগ্রহে আপনার নীতিমালার বিষয়গুলো মাথায় রাখতে হবে যা আপনার প্রচলিত তথ্য উপাত্ত সংগ্রহ প্রক্রিয়ার অতিরিক্ত।

2.7 এরপর আপনার উচিত হবে আপনার কর্মস্থলের জন্য উপযোগী ঝুঁকি শনাক্তকরণ ও মূল্যায়ন সম্পর্কিত একটি টেম্পলেট গড়ে তোলা। হেলথ অ্যান্ড সেফটি এক্সিকিউটিভ (এইচএসই (HSE)) কর্তৃক প্রদত্ত নির্দেশনা ঝুঁকিতে থাকা ব্যক্তিদেরকে শনাক্তকরণ ও নির্দেশনাটি কিভাবে অনুসরণ করতে হবে সে ব্যাপারে প্রতিষ্ঠানদেরকে সহায়তা করতে পারবে। এর মধ্যে রয়েছে প্রতিষ্ঠানটি

যেসব টেম্পলেট ও উদাহরণ অনুসরণ করে সেগুলোর পাশাপাশি ঝুঁকিতে থাকা কিছু গ্রুপদের ব্যাপারে সুনির্দিষ্ট নির্দেশনা। প্রযোজ্য ক্ষেত্রে ঝুঁকিতে থাকা কর্মীদের ব্যাপারে এইচএসই এর নির্দেশনাটি ব্যবহার করা উচিত।

2.8 শনাক্তকরণ ও মূল্যায়ন প্রক্রিয়াটি একবার পরিচালিত প্রক্রিয়া হওয়া উচিত নয় এবং নিয়মিত ঝুঁকি মূল্যায়ন ও ব্যবস্থাপনার পর্যালোচনার সময় ঝুঁকির বিষয়গুলো সম্পর্কিত নতুন তথ্য প্রমাণ অথবা একটি ব্যক্তির ঝুঁকিতে কোনও পরিবর্তন হয়েছে কিনা তা বিবেচনায় নিতে হবে।

## ঝুঁকি মূল্যায়নটি সম্পন্ন করতে বর্ধিত ঝুঁকিতে থাকা শনাক্তকৃত কর্মীদের সাথে কথাবার্তা বলা

2.9 এই উদীয়মান তথ্য প্রমাণের ভিত্তিতে ঝুঁকি থাকার ব্যাপারে কর্মীরা হয়ত ইতিমধ্যেই উদ্বিগ্ন হয়ে পড়েছেন এবং এসব উদ্বেগগুলোকে দূর করার জন্য আপনাকে দ্রুত ও সংবেদনশীলতার সাথে কাজ করতে হবে। এই কথাবার্তার উদ্দেশ্য নিয়োগকর্তা এবং শ্রমিকের মধ্যে সহযোগিতা করার জন্য হওয়া উচিত, যাতে শ্রমিককে তাদের আলাদা আলাদা ঝুঁকি মোকাবেলার বিষয়ে সিদ্ধান্ত নিতে সক্ষম করতে সহায়তা করা যায়। এটি হওয়ার জন্য, কর্মীর নিজেদেরকে মূল্যবান ও শ্রদ্ধেয় বোধ করা, এবং শেয়ার করা এবং উন্মুক্ত থাকতে সক্ষম হওয়ার জন্য নিরাপদ মানসিক স্থান থাকার দরকার।

2.10 খোলামেলাভাবে কথাবার্তা বলা নিয়ে কর্মীদের সামনে সম্ভাব্য বাঁধাগুলোর ব্যাপারে আপনাকে সংবেদনশীল হতে হবে যার মধ্যে এই উদ্বেগও হয়ত অন্তর্ভুক্ত থাকতে পারে যেক্ষেত্রে একজন কর্মী হয়ত উদ্বিগ্ন হতে পারে এই ভেবে যে এসব তথ্য প্রদান করা হলে সেটি ভবিষ্যতে তাদের উপার্জন, কাজের অবস্থান বা শর্তাবলীতে কোনো অসুবিধার সৃষ্টি হতে পারে। নিয়োগকারীদের এটিও নিশ্চিত করতে হবে যে এই কথাবার্তা যেন সাংস্কৃতিকভাবে সচেতন এবং সংবেদনশীল উপায়ে অনুষ্ঠিত হয়, যাতে করে আত্মবিশ্বাসের সাথে কর্মীরা খোলামনে আলোচনা করতে এবং তাদের উদ্বেগগুলো সমাধান করতে পারে। প্রতিষ্ঠানটিকে সহায়তা প্রদানের জন্য ট্রেড ইউনিয়ন সহকর্মী ও স্থানীয় অংশীদারগণও মূল্যবান রিসোর্স হতে পারে এবং সুবিধাজনক স্থানীয় পদ্ধতিতে ব্যবহার করা উচিত। অন্যান্য নেটওয়ার্ক যেমন কৃষ্ণাঙ্গ, এশীয় ও সংখ্যা লঘু সম্প্রদায় (বিএএমই) বা ডিজেবল্ড কর্মীরাও প্রতিষ্ঠানদের সহায়তার জন্য একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র হতে পারে।

2.11 ঝুঁকি মূল্যায়ন সম্পন্ন করতে একজন কর্মীর সাথে বিশদভাবে ও সংবেদনশীলতার সাথে আলাপ করতে হবে। ঝুঁকি কমিয়ে আনতে পদক্ষেপ শনাক্তকরণ বিষয়টিতেই মনোনিবেশ করা উচিত যেটি নির্ণয়ে বিভিন্ন প্রেক্ষাপট, ঝুঁকির নিয়ামক ও আলাদা আলাদা কর্মীর মতামতকে সতর্কতার সাথে বিবেচনা করতে হবে।

2.12 যথাযথ পদক্ষেপ নেয়া আপনাকে নিশ্চিত করতে হবে যাতে করে আত্মবিশ্বাসের সাথে কর্মীরা খোলামনে আলোচনা করতে এবং তাদের উদ্বেগগুলো সমাধান করতে পারে যার মধ্যে রয়েছে:

- গোপনীয়তা বজায় রেখে কথাবার্তা বলা নিশ্চিত করা।
- বিস্তারিত কথাবার্তা বলার জন্য যথেষ্ট সময় দেয়া।
- কথাবার্তার উদ্দেশ্য সম্পর্কে জানানো, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে তাদেরকে আশ্বস্ত করা এবং তথ্য প্রকাশের কারণ জানানো। তথ্য কী কাজে ব্যবহার করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, সেটি কোথায় সংরক্ষণ করা হবে সেসব বিষয়গুলো এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে।
- কোনো উদ্বেগ থাকলে সেটি তুলে ধরার সুযোগ দেওয়া।
- কথাবার্তা নথিভুক্ত করে রাখা, এটি আপনার কর্মীটির সাথে শেয়ার করা এবং এগুলো গোপনীয়তা বজায় রেখে ও নিরাপদে সংরক্ষণ করা।

2.13 আপনি কথাবার্তা বলার জন্য কিভাবে আগাবেন সেটি বিবেচনা করতে হবে এবং সেটি কাজের স্থানের উপর নির্ভর করবে, কিন্তু এতে আরও যা অন্তর্ভুক্ত থাকতে পারে:

-  প্রযোজ্য ক্ষেত্রে, অকুপেশনাল হেলথ এর কর্মীর সাথে, বা সহায়তায় আলাপ করা।
-  কর্মী বাড়তি সহায়তা চাইলে তৃতীয় পক্ষের কাউকে সম্পৃক্ত রাখা। এর মধ্যে থাকতে পারে ট্রেড ইউনিয়নের একজন সহকর্মী, স্টাফ নেটওয়ার্ক, বা উপযুক্ত অন্যান্য ব্যক্তিবর্গ।
-  ট্রেড ইউনিয়ন সহকর্মী, স্থানীয় অংশীদার, এবং স্টাফ নেটওয়ার্কের লোকজন হয়ত এসব কথাবার্তায় সহায়তা প্রদান করতে পারবেন বা তারা বিএএমই সহকর্মী ও অন্যান্য যেসব ব্যক্তির কর্মস্থলে কোভিড-19 এ আক্রান্ত হবার ঝুঁকিতে রয়েছেন তাদের উদ্বেগগুলো তুলে ধরতে পারবেন।

2.14 উদ্বেগ প্রকাশ করার ব্যাপারে কর্মীদেরকে সুযোগ দেওয়া উচিত, এবং এটির জন্য নিরাপদ এবং সমর্থিত বোধ করা উচিত। এর সুযোগ করে দিতে যেসব পদক্ষেপ নিতে হবে তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

-  উদ্বেগ প্রকাশের সুযোগ তৈরি করে দেয়া।
-  সর্বশেষ গবেষণা/তথ্য উপাত্তের ব্যাপারে কর্মীদের সাথে ভালো যোগাযোগ থাকা।
-  বিএএমই কর্মী বা ঝুঁকিতে থাকা অন্যান্য গ্রুপের লোকজনদের উদ্বেগ তুলে ধরার জন্য উপলব্ধ চ্যানেলগুলো পর্যালোচনা করা।
-  সুনির্দিষ্ট সাম্যতা ও বিষয়বস্তু নির্ভরশীল রিসোর্সের ব্যাপারে সুনির্দিষ্টভাবে তথ্য জানানো।
-  কর্মীরা যাতে এসব কথাবার্তা সহজেই বলতে পারে - সেজন্য সম্ভাব্য বর্ধিত ঝুঁকির ব্যাপারে এগিয়ে যাওয়া ও সচেতনতার উপর ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন।
-  প্রতিষ্ঠানে থাকা যেকোনো স্টাফ নেটওয়ার্ক (উদাহরণস্বরূপ বিএএমই, ডিজেবিলিটি বা স্বাস্থ্যগত সমস্যা সম্পর্কিত অন্যান্য গ্রুপ) এবং আরও সহায়তা প্রদানে করণীয় ও উপলভ্য রিসোর্সগুলোকে শক্তিশালী করার ব্যাপারে পর্যালোচনা করা।
-  কর্মক্ষেত্রের ঝুঁকি মূল্যায়ন বা ব্যবস্থাপনা ও ব্যক্তি বিশেষের ঝুঁকি ব্যবস্থাপনার পদ্ধতি, এবং ঝুঁকি হ্রাস করার জন্য ইউনিয়নের সাথে সংশ্লিষ্ট হওয়া।
-  নিশ্চিত করতে হবে যে আপনি (এবং যে কোনো সিনিয়র নেতৃত্ব) শ্রমিকের আয়ের ঝুঁকি, কাজের অবস্থা বা উন্নয়নের সুযোগ, বা তাদের কর্মসংস্থানের শর্তাদি পরিচালনা করার পদক্ষেপগুলোর সম্ভাব্য প্রভাব সম্পর্কে বিবেচনা করেছেন।

আরও তথ্যের জন্য দেখুন:

-  ডিএইচএসসি (DHSC) নির্দেশনা: করোনাভাইরাস (কোভিড-19) সংক্রান্ত নির্দেশনা: অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার কর্মীদের স্বাস্থ্য ও ভালো থাকা

- এইচএসই কর্তৃক ঝুঁকিতে থাকা কর্মীদের ব্যাপারে নির্দেশনা; এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নতুন ও সন্তানসম্ভবা মায়েরা, ডিজেবিলিটি, এবং বয়স
- সাম্যতা ও বৈচিত্র্যতার ব্যাপারে এসএফসি এর নির্দেশনা
- প্রাপ্তবয়স্কদের সোশ্যাল কেয়ার দেওয়া নিয়ে বিভিন্ন কর্মীদের সহায়তা করার জন্য এসএফসি সংস্থানসমূহ
- এসিএএস (ACAS): করোনাভাইরাস (কোভিড-19): নিয়োগকর্তা ও কর্মীদের জন্য পরামর্শ: দুর্বল ও উচ্চ ঝুঁকিতে থাকা লোকজন

## বর্ধিত ঝুঁকিতে থাকা কর্মীদেরকে একবার শনাক্ত করার পর আপনি যেসব পদক্ষেপ নিতে পারেন

### পুরো কর্মীবৃন্দের জন্য নেওয়া পদক্ষেপসমূহ

2.15 কর্মীদেরকে সুরক্ষিত রাখতে এবং ফ্রেমওয়ার্কে উল্লেখিত বিষয়গুলোর কারণে যেসব কর্মীরা বর্ধিত ঝুঁকিতে রয়েছেন তাদের ভালো থাকা নিশ্চিত করতে পদক্ষেপ নেওয়ার জন্য সর্বশেষ নির্দেশিকাটি অনুসরণ করা অব্যাহত রাখবেন। এটি আনুষঙ্গিক এবং অন্যান্য অন্যান্য অ-পরিচর্যা পরিবেশগুলোতে যারা রয়েছেন তাদেরকে অন্তর্ভুক্ত করে। কোভিড-19 এফএওএস (FAQs) ওয়েবপেজে সহায়ক আরও তথ্য রয়েছে যেটি আপনি আপনার সহকর্মীদের সাথে শেয়ার করতে পারবেন।

2.16 কর্মস্থলের পরিবেশ ও কর্মীদের উপর নির্ভর করে এতে আরও অন্তর্ভুক্ত থাকতে পারে:

- সিদ্ধান্ত নেবার প্রক্রিয়া, সমাধান ও সহায়তার ব্যাপারে কর্মীদেরকে সাথে রাখা ও সম্পৃক্ত করা।
- উদ্বেগ প্রকাশ করার জন্য কর্মীদেরকে সুযোগ করে দেয়া।
- নিরাপদে কাজ করার নির্দেশনাটি অনুসরণ পূর্বক আপনার কর্মস্থলের পর্যালোচনা করা।
- হাত ধোয়া ও পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত নির্দেশনা মেনে চলতে লোকজনকে উৎসাহ প্রদান করা।
- কাজের ধরণের (যার মধ্যে রয়েছে লম্বা শিফট/রাতের শিফট, বাড়তি শিফট বা একাধিক কাজ) কারণে অবসাদের পর্যায়ে প্রভাব পরার বিষয়টি বিবেচনা করা।
- শিফটে থাকাকালীন সময়ে নিয়মিত বিরতি, খাবার ও পানির ব্যবস্থা রেখে সহায়তা প্রদান।
- কর্মীদের ভালো থাকা এবং বিদ্যমান অন্তর্নিহিত স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার ব্যবস্থাপনা করতে সহায়তা প্রদান।
- পরীক্ষা করার ক্ষেত্রে ডিএইচএসসি ও পিএইচই এর পরামর্শ মেনে চলা। কোভিড-19 উপসর্গ বা ইতিবাচক পরীক্ষার ফলাফল পাওয়ার পরে যেসব কর্মীরা সেলফ আইসোলেশনে রয়েছেন তাদের স্বাভাবিক আয় চালু রাখতে ইনফেকশন কন্ট্রোল ফান্ড ব্যবহার করা যেতে পারে।
- পিপিই এর দরকার থাকুক না থাকুক, যখন এটি ব্যবহারের (যেমন পিএইচই নির্দেশনা শেয়ার করে) দরকার হবে সে ব্যাপারে সব কর্মীদের স্পষ্ট তথ্য প্রদান করতে হবে, এবং সাম্প্রতিক নির্দেশনা অনুযায়ী সব কর্মীর জন্য পর্যাপ্ত সরঞ্জাম ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।

- স্বাস্থ্য ও ভালো থাকা সংক্রান্ত সহায়তা ও উপলব্ধ কর্মীদের সহায়তার বিষয়গুলো এবং সম্ভাব্য উচ্চ ঝুঁকিতে থাকা কর্মীদের সুনির্দিষ্ট চাহিদা মেটাতে নেওয়া পদক্ষেপগুলো পর্যালোচনা করে দেখতে হবে।

- কর্মক্ষেত্রের এই ঝুঁকিগুলোর ব্যবস্থাপনা করতে আপনি যে পদক্ষেপগুলো নিয়েছেন, তা নিয়ে আপনার সকল কর্মচারীর সাথে স্পষ্টভাবে, কথা বলা উচিত।

## ব্যক্তিবিশেষের জন্য নেওয়া পদক্ষেপসমূহ

2.17 একজন কর্মী কী ধরণের কাজ এবং কোন পরিবেশে কাজ করেন তার উপর কর্মীর ঝুঁকি কমানোর উপলব্ধ বিকল্পগুলো নির্ভর করবে। কোনো ধরণের পদক্ষেপ নিতে হলে সেই সম্পর্কিত সিদ্ধান্তটি শ্রমিকের সাথে করে নেওয়া উচিত। একত্রে আপনি যা বিবেচনা করতে পারেন:

- কর্মীটিকে অন্য আরেকটি জায়গায় বা ভূমিকায় নিয়োজিত করা যেখানে ঝুঁকি কম রয়েছে -যেমন যারা কোভিড-19 এর কারণে আক্রান্ত হবার ঝুঁকিতে নেই বলে মনে করা হয় লোকজনের সহায়তা করার কাজে নিয়োজিত করা।

- যদিও দূর থেকে কাজ করা সম্ভব, তারপরেও, আমরা স্বীকার করি যে বেশিরভাগ কর্মীবৃন্দের জন্য এটি অকার্যকর হতে পারে, বিশেষত যারা সরাসরি ব্যক্তিগত পরিচর্যা প্রদান করে থাকেন।

- তাদের কাজের ব্যবস্থাপনায় সামঞ্জস্য আনা - যেমন কাজে আসতে তাদের গণপরিবহণ ব্যবহারের পরিমাণ কমিয়ে আনা বা ব্যবহার না করা।

- প্রযোজ্য ক্ষেত্রে হোম ভিজিটের সময় কেবল পরিষেবা ব্যবহারকারীদের উপস্থিত থাকতে বলা।

- যদি উপলভ্য থাকে তাহলে অকুপেশনাল হেলথ এর মাধ্যমে আরও পরামর্শ ও সহায়তা প্রদান।

2.18 কর্মীর জন্য কর্মক্ষেত্র যদি নিরাপদ না হয় এবং তার জন্য যদি বাসা থেকে কাজ করা সম্ভব না হয় বা তাকে অন্য কোনো জায়গায় নিয়োজিত করা না যায় সেক্ষেত্রে নিরাপদে কাজে ফিরে আসার সময় পর্যন্ত নিয়োগদাতা তাকে বিনা বেতনে বা বেতন দিয়ে ছুটি দিতে পারেন। নিয়োগকর্তা ও কর্মীটি যদি এসব আলোচনার মাধ্যমে একটি সমাধানে পৌছাতে না পারেন সেক্ষেত্রে স্থানীয়ভাবে নেয়া সমাধান প্রক্রিয়াটি অনুসরণ করতে হবে।

2.19 সিদ্ধান্ত নেবার সময় এবং কর্মস্থলের ঝুঁকি নির্ণয়ের ক্ষেত্রে নিয়োগকর্তাকে প্রত্যেকটি বিষয়কে আলাদা আলাদা ভাবে বিবেচনা করতে হবে। কথাবার্তার নথি রাখতে হবে এবং এর একটি অনুলিপি কর্মীকে দিতে হবে। এই সকল সংবেদনশীল কথাবার্তার সময়ে ভাল অনুশীলনের অন্যান্য উদাহরণ উপরে উল্লেখ করা হয়েছে।

2.20 নিরাপদ কর্ম সম্পাদন পদ্ধতি নির্ধারণ করা, বাস্তবায়ন করা ও সকল কর্মীদের সাথে যোগাযোগ রক্ষা করা নিশ্চিত করার জন্য নিয়োগকর্তা দায়ী থাকবেন। আমরা জানি যে কর্মী ও যারা তাদের পরিষেবাগুলো ব্যবহার করে থাকেন, তাদের ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে নিয়োগকর্তাদের জটিল সিদ্ধান্ত নিতে হয় (এর মধ্যে রয়েছে কর্মী, অ্যাজেন্সি স্টাফ, ঠিকাদার, স্বেচ্ছাসেবক)। নিয়োগকর্তাদের উচিত কোভিড-19 এর ঝুঁকি মূল্যায়নে সরকারী নির্দেশনা মেনে চলা। কর্মীবৃন্দের ব্যাপারে সিদ্ধান্ত নিতে, নিয়োগকর্তাদের উচিত তাদের আইনি ও স্বাস্থ্য সুরক্ষা সম্পর্কিত দায়দায়িত্ব মাথায় রাখা এবং ট্রেড ইউনিয়নের সাথে পরামর্শ করার এবং প্রযোজ্য ক্ষেত্রে নিজস্ব আইনি পরামর্শ নেবার জন্য তাদেরকে উৎসাহিত করা হচ্ছে।

আরও তথ্যের জন্য দেখুন:

- DHSC নির্দেশনা: করোনাভাইরাস (কোভিড-19) সংক্রান্ত নির্দেশনা: অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার কর্মীদের স্বাস্থ্য ও ভালো থাকা
- সাম্যতা ও বৈচিত্র্যতার ব্যাপারে এসএফসি এর নির্দেশনা
- এসিএএস: করোনাভাইরাস (কোভিড-19): নিয়োগকর্তা ও কর্মীদের জন্য পরামর্শ
- ইউএনআইএসওএন (UNISON): সোশ্যাল কেয়ার কর্মীদের জন্য করোনাভাইরাস সংক্রান্ত পরামর্শ
- ইউকে অ্যাডভাইজ ফর করোনাভাইরাস ফ্রম ইউনাইট
- কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত এইচএসই নির্দেশনা
- https://www.skillsforcare.org.uk/Learning-development/ongoing-learning-and-development/health-and-safety/Health-and-safety.aspx

## কর্মীদের স্বাস্থ্য ও ভালো থাকা সংক্রান্ত বিষয়ে সহায়তা দেওয়া

2.21 সোশ্যাল কেয়ার কর্মীবৃন্দের জন্য এটি স্পষ্টতই একটি খুব চ্যালেঞ্জিং সময়। কর্মীদের স্বাস্থ্য ও ভালো থাকার বিষয়টিতে সহায়তার জন্য অনেকগুলো রিসোর্স রয়েছে:

- কেয়ার (CARE) ব্র্যান্ডেড ওয়েবসাইট এবং অ্যাপ, কেয়ার কর্মীবৃন্দ, সহায়তার জন্য সময়োপযোগী তথ্য ও সাইনপোস্ট প্রদান করে।
- DHSC নির্দেশনা: করোনাভাইরাস (কোভিড-19): অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার কর্মীবৃন্দের স্বাস্থ্য ও ভালো থাকা
- সোশ্যাল কেয়ার কর্মীদের পরিস্থিতি সামাল দেওয়া কঠিন বলে মনে হলে সেই পরিস্থিতিতে তাদের কারোর সঙ্গে কথা বলার দরকার হলে সেই সম্পর্কিত তথ্য ও পরামর্শ:
  - কথাবার্তা শুরু করতে সোশ্যাল কেয়ার কর্মীরা 'FRONTLINE লিখে একটি বার্তা 85258 নম্বরে পাঠাতে পারেন। এই পরিষেবাটি শাউট (Shout) কর্তৃক প্রদান করা হয় এবং সব বড় বড় মোবাইল নেটওয়ার্ক থেকে বিনা মূল্যে করা যায় এবং যারা হয়ত মানিয়ে নিতে হিমশিম খাচ্ছেন এবং সহায়তার দরকার তাদের জন্য এটি একটি সরাসরি প্রদত্ত সহায়তা পরিষেবা।
  - স্যামারিটানস (Samaritans) সকল সোশ্যাল কেয়ার কর্মীদের জন্য কর্মীদের জন্য এর গোপনীয় সংবেদনশীল সহায়তা প্রদানের লাইন বিস্তৃত করেছেন, যারা হয়ত ক্রমবর্ধনশীল চাপ, উদ্বেগ বা অভিভূত বোধ করছেন। কেয়ার কর্মীরা এই পরিষেবাটির মাধ্যমে একজন প্রশিক্ষিত স্বেচ্ছাসেবীর সাথে কথা বলতে পারবেন যিনি গোপনীয়তা বজায় রেখে শুনে এবং আরও সহায়তার জন্য তথ্য প্রদান করবেন। এই সহায়তা পরিষেবাটি পেতে, অনুগ্রহ করে কল করুন: 0300 131 7000
  - সোশ্যাল কেয়ার কর্মীদের সহায়তা প্রদানের জন্য হসপাইস ইউকে তাদের বিরিভমেন্ট ও ট্রমা লাইনের আওতা বাড়িয়েছে। কোভিড-19 মহামারির ফলে কোনো কেয়ার ওয়ার্কার যদি তার কোনো আত্মীয়কে হারান, বা মানসিক আঘাত পান বা উদ্বিগ্ন থাকেন সেক্ষেত্রে এই পরিষেবাটি তাকে একজন পেশাজীবীর সাথে কথা বলার জন্য নিরাপদ স্থান দেয়। এই সহায়তা পরিষেবাটি পেতে, অনুগ্রহ করে কল করুন: 0300 3034434

# আরও নির্দেশনা ও রিসোর্সসমূহ

অ্যাডাল্ট সোশ্যাল কেয়ারের জন্য অন্যান্য তথ্য ও নির্দেশনা

- হালনাগাদকৃত নির্দেশনা ও শেখার রিসোর্স কেয়ার ওয়ার্কফোর্স অ্যাপ এর মাধ্যমে অ্যাক্সেস করা যাবে।
- করোনাভাইরাস (কোভিড-19): অ্যাডাল্ট সোশ্যাল কেয়ার নির্দেশনা
- করোনাভাইরাস (কোভিড-19): ডাইরেক্ট পেমেন্ট প্রাপ্ত লোকদের জন্য নির্দেশনা
- করোনাভাইরাস (কোভিড-19): অ্যাডাল্ট সোশ্যাল কেয়ারের জন্য নৈতিক অবকাঠামো
- স্কিলস ফর কেয়ার: সোশ্যাল ওয়ার্কের জন্য কোভিড-19 সংক্রান্ত হালনাগাদ তথ্য
- এসসিআইই (SCIE): সোশ্যাল কেয়ারের জন্য করোনাভাইরাস (কোভিড-19) সংক্রান্ত পরামর্শ

নিয়োগকর্তা ও কর্মীদের জন্য অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তথ্য ও নির্দেশনা

- এসিএএস: করোনাভাইরাস (কোভিড-19): নিয়োগকর্তা ও কর্মীদের জন্য পরামর্শ
- ইউএনআইএসওএন (UNISON): সোশ্যাল কেয়ার কর্মীদের জন্য করোনাভাইরাস সংক্রান্ত পরামর্শ
- সাম্যতা ও বৈচিত্র্যতার ব্যাপারে এসএফসি-এর নির্দেশনা
- ইউকে অ্যাডভাইজ ফর করোনাভাইরাস ফ্রম ইউনাইট
- আরসিএন (RCN): কোভিড-19 (করোনাভাইরাস) বহুল জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

অন্যান্য ঝুঁকি অবকাঠামো সংক্রান্ত উদাহরণ

- রয়েল কলেজ অফ সাইকিয়াট্রিস্ট – কোভিড-19: মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত বিএএমই কর্মীদের ঝুঁকি হ্রাসে নির্দেশনা
- ভাল থাকা এবং ঝুঁকি সম্পর্কে ব্যক্তিগত কথাবার্তার সমর্থন করার জন্য এনএইচএস নিয়োগকারীদের হাতে প্রচুর সংস্থান/রিসোর্স রয়েছে।

ঝুঁকির বিভিন্ন বিষয়গুলো কোভিড-19 এর ঝুঁকি ও ফলাফলে কিভাবে প্রভাবিত করেছে সে ব্যাপারে পিএইচই এর পর্যালোচনা।

- পিএইচই: কোভিড-19: ঝুঁকি ও ফলাফলের পার্থক্যের উপর পর্যালোচনা

©ক্রাউন কপিরাইট 2020

GOV.UK এ শুধুমাত্র পিডিএফ ফরম্যাটে প্রকাশিত

সোশ্যাল কেয়ার গ্রুপ, সোশ্যাল কেয়ার স্ট্র্যাটেজি অ্যান্ড ওয়ার্কফোর্স ডাইরেক্টোরেট, ওয়ার্কফোর্স টিম

www.gov.uk/dhsc

অন্য কোনভাবে উল্লেখ করা না হলে এই প্রকাশনাটি ওপেন গভর্নমেন্ট লাইসেন্সের v3.0 এর শর্ত অনুযায়ী লাইসেন্সকৃত এই লাইসেন্সটি দেখার জন্য ভিজিট করুন: nationalarchives.gov.uk/doc/open-government-licence/version/3

যেক্ষেত্রে আমরা কোনো তৃতীয় পক্ষের কপিরাইট সংক্রান্ত তথ্য শনাক্ত করেছি সেক্ষেত্রে আপনাকে সংশ্লিষ্ট কপি রাইট অধিকারীর কাছ থেকে অনুমতি নিতে হবে।

OGL